তারিখ ......9 MAY 2017
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ২ ......

# মাউশি ৫ বছরেও শেষ করতে পারছে না

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি) ৭. ৩. ২০১৩ তারিখে রাজস্বখাতভুক্ত শূন্যপদে জনবল নিয়োগের জন্য ২৩টি ক্যাটাগরিতে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করে। সেখানে বিভিন্ন বিষয়ের প্রদর্শক, শরীরচর্চা শিক্ষক, কম্পিউটার অপারেটর, অফিস সহকারী, হিসাব সহকারী, এমএলএসএসসহ ১৯৬৫টি শূন্যপদ ছিল। ২০১৩ সালের সেপ্টেম্বরে নিয়োগ পরীক্ষা অনুষ্ঠিত হয়। বিগত ৩ বছরেও রেজাল্ট না দিয়ে ৫. ৪. ২০১৬ তারিখে পরীক্ষা বাতিল করে ১৭. ৬. ২০১৬ তারিখে বিভিন্ন বিষয়ের প্রদর্শক পদের লিখিত পরীক্ষা পুনরায় নেওয়া হয়। লিখিত পরীক্ষায় উত্তীর্ণদের মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হয় ১৬. ৭. ১৬ তারিখে। মৌখিক পরীক্ষা দেবার পর প্রায় ১০ মাস হয়ে গেলেও এখনো রেজাল্টের খবর নাই। যেখানে বিসিএস পরীক্ষার সবগুলো ধাপ শেষ করতেও ২ বছরের বেশি সময় লাগে না। সেখানে মাউশি শুধু এমসিকিউ ও মৌখিক পরীক্ষার রেজাল্ট ৫ বছরেও দিতে পারছে না। এ বিষয়ে আশু ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

প্রিয়াংকা
রাজশাহী

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি. এল. পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর ১০/৫